দৈনিক সংবাদ

তারিখ ... 11 FEB 1994 ...
পৃষ্ঠা ৮ কলাম ১...

20

# চাঁদপুরে ব্র্যাকের আরো চারটি বিদ্যালয় পুড়িয়ে দেয়া হয়েছে

*চাঁদপুর, ১০ই ফেব্রুয়ারি (নিজস্ব সংবাদদাতা)।– সদর থানার বালিয়া, চাপিলা ও ফরিদগঞ্জ থানার প্রত্যন্ত অঞ্চলে সম্প্রতি রাতে ব্র্যাকের ৪টি বিদ্যালয়ঘর পুড়িয়ে দেয়া হয়েছে। দুষ্কৃতকারীরা ব্র্যাকের যেসকল বিদ্যালয়ে আগুন লাগাতে পারছে না সেখানে তালা ঝুলিয়ে বন্ধ করে দিচ্ছে। এ ঘটনার আগে সদর থানার তরপুরচন্ডি, বিষ্ণুদি, গুলিশা, শাকুয়া, রামদাশদী, শাহ মোহাম্মদপুর ও মতলবের নূরল্লাপুরের ৯টি বিদ্যালয়ে আগুন ধরিয়ে ব্যাপক ক্ষতি করা হয়। এ মৌলবাদী কুচক্রী মহল ব্র্যাকের কার্যক্রম বন্ধ করার উদ্দেশ্যে বিদ্যালয় পোড়ানো ছাড়াও বিভ্রান্তি ছড়ানোর জন্য ব্যাপকভাবে লিফলেট ছাড়ছে। কার্যক্রমবিরোধী তৎপরতা বেড়ে যাওয়ায় সংশ্লিষ্ট থানায় ব্র্যাক কর্তৃপক্ষ মামলা দায়ের করেছে। এ অবস্থায় ব্র্যাক প্রতিষ্ঠিত বিদ্যালয়গুলোতে লেখাপড়া বিঘ্নিত হচ্ছে। সবাই সন্ত্রাসী তৎপরতায় আতংকিত হয়ে পড়েছে। এলাকায় বহুবার এ ব্যাপারে সভা–সমাবেশ করা হয়েছে, তা সত্ত্বেও কাজ হয়নি।*